ভোলা। মহাশয়! যন্ত্রণা বলে যন্ত্রণা,—একি সামান্য কষ্ট? টেক্স আদায়ের সরকারেরা ত ব্যতিব্যস্ত করে তুলেচে,

তাদিকে ডেকে আনতে বললে, বেঁদে নিয়ে যায়। উপর আলাদের হুকুম এক রকম, তারা কার্য্য করে অন্য রকম। এই টেক্স আদায় করা এখন আবার নৃতন রকম হয়েচে; বাড়ীতে কেউ থাক, আর নাই থাক, বিলখানা কেলে দিয়ে গুণপুরুষ চলে গেলেন, না হয় বেড়ায় গুঁজে রেখে গেলেন, ৰাড়ীয়ালা বাষ্পও জান্লেন না। দিন কয়েক বাদে, পাহারাওয়ালা দঙ্গে এক ওয়ারেণ্ট নিয়ে হাজির, বলা নেই কওয়া নেই, বাহিরে যা থাক, তক্তাপোষ থানা, বেঞ্চ থানা, কপাট জোড়াটা, গাড়টা আন্টা অর্থাৎ সাম্নে যা পাবেন, তুলে নিয়ে চল্লেন। ভাগ্যক্রমে যদি কেহ বাড়ীতে থাকেন, নবাবপুত্রের পায়ে হাতে ধরে, দেনার সহিতে ঘাড ধরাণি স্বরূপ কিঞ্চিৎ উপড্হস্ত করলে তবে রক্ষা। আর সেই ওয়ারেণ্টের ফি যা আদায় হয় তারই বা কে খোঁজ লয় ? বাজেট দেখ লে ত কিছুই জানা যায় না।

কান্তি। ও কেবল নামেই বাজেট।

ভোলা। আর পাইখানা তদারক সে এক গ্রহ। মরলা থাক্ আর নাই থাক্ মিছে করে বলে ভোমার পাইখানার মরলা আছে,—তোমার জরিমানা হবে। ভক্ত লোক কে আর মশার পাইখানা দেখতে যায় বলুন,—আর দেখেই বা কি হবে।—জরিমানার ভয়ে তদারককারিকে কিছু পান খেতে দিতে হয়। রাস্তার ধারেই খড় দিয়ে ঘর ছাওরাতে নিষেধ, কিন্তু এ যেখানে ঘর ছাওয়াও জরিমানা

দিতে হয়। হাইকোট থেকে হুকুম হয়ে গেছে; যারা আঁপন ব্যবহারের জন্যে ইট পোড়াবেন, তাঁদের লাইসেনি দিতে হবে না; কিন্তু এরা তাও আদায় করে নিচ্চে। তবে বেশি পেড়াপিড়ি করলে, হাইকোর্টের নজীর দেখালে পর, কামরার ভিতর ডেকে বলে দেওয়া হয়, বাবু তোমার টাকা এখন আমার কাছে জমা থাক্, পরে পাবে। আর তুমি এ কথা কাহাকেও বলোনা (টুলী দিয়া) ঐ পর্য্যন্ত, যত দেবেন তা মা গঙ্গাই জানেন। তা মশায় উপরালাদের এই সব জানালে হয় না ?

কান্তি। হুঁঃ! "কার শ্রাদ্ধ কেবা করে, থোলা কেটে বামুন মরে" বাবু, —উপরালারা কি ও সব জান্তে আর বাকি আছেন? তাঁরা ও সব বিশ্বাস করেন না। খবরের কাগজ পড়ে পড়ে তাঁদের কানে কড়া পড়ে গেছে; তাঁদের এইটি সংক্ষার জন্মে গেছে যে, প্রজারা পয়সা দিতে কাতর সেই জন্যে মিছে করে মিউনিসিপালিটির বিক্লদ্ধে লেখে। তা যতই দর্থাস্ত কর, আর কাঁদ, উপকার কিছুই হবে না, নিম্লেশীর কর্মচারী মহাপ্রভুরা যা কর্বেন তাই সত্য।

ভোলা। তামশায় প্রজাদের টাকানিয়ে হোম্রাচোম্রা হয়ে বেড়ান, কিন্তু প্রজাদের মঙ্গল কিছুতেই হবার নয়।

কান্তি। প্রজাদের মঙ্গল কি করে হবে বল, যা আদায় হয় তা থেকে কিছু টাকা না নাঁচ্লেত আর কিছু হবে না। এই গত বৎসরের বজেট দেখ্লেম, ৮৩০০০ টাকা আদায় কিন্তু Establishment শ্রচ ৮০০০০ টাকা। তা এই ৩০০০ টাকাতে কি করে রাস্তা ঘাট হবে, সহর হবে, বাজার হবে, বল। আমাদের অদৃষ্টে যতদিন কট আছে তা কেউ খণ্ডাতে পারবে না। এখন চল যাওয়া যাক অনেকক্ষণ এসেচি।

(বনয়ারি ও প্রতাপ বাবুর প্রবেশ।)

্বন। প্রেমচাঁদ জলখাবার দেরে?

প্রতা। স্থবল, আগে এক ছিলিম তামাক দে। দেখ বনয়ারি বাবু! বেটা আচ্ছা শাসিদ হয়ে গেছে, আর আসবেনা বোধ হচেচ।

প্রেম। (জলখাবার প্রদান।)
(মহেশ বাবুর প্রবেশ।)

প্রতা। ওহে মহেশ বারু! তোমার নাকি ছটাকা জরিমানা হয়েচে?

মহে। আজে সে কথা আর বল্বেন না, গুনতে লজ্জা, বল্তে লজ্জা। কি করি, চাকরির জন্যে সকলই সহা কর্তে হয়েচে।

প্রতা। ব্যাপারখানা কি-বলনা ?

মহে। মশাই, একটা নৃতন পাইখানা হয়েচে, তাতে সব বাজের মতন বাজের জাবার যায়গা করে দিয়েচে। তা মশাই বড় অস্ত্র্য হয়েছিল; আমি সেই খানেই গোলাম। একটা সাহেব গিয়ে আমায় বলে, তুমি অমন করে পা তুলে বসেচ কেন? ভাল হয়ে বস্তে পারনা? তোমার জরিমানা হবে। তা আমি ভাব্লেম, কি করে বস্তে হবে,

1

ও বেটা ঠাট্টা করে গেল। তার পর তনি না, সভিয় দতিয় আমার ছ টাকা জরিমানা করেচে। আমি বড় সাহে-বকে বলুম, তিনি বল্লেন, ভূমি সাহেবদের মতন বস নাই কেন?

বন। (হাসা) হা, হা, বল কি হে! কোন
—ভাল মাসুষ নয়, সকলেই এক খুরে; বিষম বিপদ
হলো যে। চারি দিগে হোটেল খুলে খানা খাওয়াতে
শিথিয়েচে, সভ্যতা সভ্যতা করে সাহেবি পোষাক পুরাতেও আরস্ত করিয়েচে। আবার জোর করে সাহেবি ধরণে
বাজ্ঞে বসাবে না কি!! (হাস্য) গেল যেসব দেখ্চি, আর
এই সব হবে বৈকি, ভদ্দ বংশীয় সাহেব কেউ আর
এখানে আসে না, অধিকাংশ বাপে তাড়ান, মায়ে খেদান,
মভদ্র সকল পেটের দায়ে এখানে আস্চে, তাদের কাছে
আর কি প্রত্যাশা করা যেতে পারে বল। প্রতাপ বাবু ?
আর্ম যাওয়া যাগ।

প্রতা। মহেশ বাবু! তবে টাকা ছটো গেছে, বড় ছঃব হচেচ না?

মহে। আর কার উপরে ছঃধ করবো বলুন, আমাদের ভাল কিছুতেই হবে না। Reduction হলে আমাদেরই
সর্বনাশ, দশ কুড়ি মাইনের কেরাণিদের ছাড়িয়ে দিয়ে,
হাজার, পাঁচ শ, আড়াই শ মাইনের সাহেব রাধা হয়। আর
আমরা কোন দোষ কর্লে একেবারে ডিসমিস; না হয়
মেরাদ স্মার স্থাত ভাই দোষ কর্লে তাঁর পদ বৃদ্ধি হয়।

পাঁচ শ থেকে সাত শ হয়, হাজার থেকে দেড়হাজার হয়। Promotion তা টুপিআলা থাকতে ধৃতি পরা বাঙ্গাল কেউ পাবে না। তা মশায় এ সকলি আমাদের চামড়ার দোষ। যদি এদিক ঘেঁদে জন্মাতে পারতেম, তা হলে কোন ভাবনা থাক্ত না। (মন্ত্রার প্রতি) জল থাবার দেরে পরাণ।

প্রতাপ ও বন্যারি বারুর প্রস্থান।

মহে। (জল থাবার লইয়া আহার।)

নেপণো। রাখাল বাবু!—সাহেব ব্লোলাচেটন।

নেপংখা। বোলামুগে সাহেব, তা বলে জল খাবেনা।

' নেপগো। মোর উপর খাপপা হবে আগনি আম্বন।

(রীখালবাবু ক্রোধভরে প্রবেশ।)

রাধার। জ্ঞা ব্যাটা জ্ঞা, পাজি বেটা, ও বেটা যেন ভ্রমের পেয়াদা। বপরদার বেটা নেডে বাইরে থাক. জলখাবার ঘরে আসিস্নে, নেড়ে এক জাত আলাদা, वार्षित्क वद्यम त्य, वन्राम यो त्य क्रम त्थाय जामत्त, जा ব্যাটা গুন্বে না। সাহেব বেটা যদি এক গুণ, তা ও বেটা দ্রুশ গুণ। বেটারা যেন সাহেরের বাবা।

নেপ্রে।। মুই তবে এই কং। বলিগে ? · রাখাল। যা তোর বাবাকে বলগে যা, যা কর্তে

হয় কর বে, তা বলে পেটে থাবে না, (অপরদের প্রতি) নশায় কখন এসেচি গো মনে পড়ে না। প্রাতঃকালে যত আহার করা যায় তাতো আপনারা জানেন, এ একটু জন্ম থেতে এসেচি কত জুলুম দেখুন, কেনা গোলাম পেয়ে গেছে আর কি, বেটাদের আপনার খাবার বেলা কোন কথা নেই এক ঘন্টা হুবন্টা থোরে খাবেন, আর আমরা বেটারা যদি হুদশ মিনিট কলম ছেঙ্ছিটি তা ইলে অমনি ভুকে বাঁগ। হাঃ তোর কেরণি গিরির মুখে ছাই!!

মহেশ। রাথালবারু স্থির হোন ও বেটা চাকর ওর দোষ কি ? ওকে যেমন বলে সেই মত করে।

রাথান। আরে কেও !! good morning মহেশ বাবু। শনিবারে বড়ধুন গ্রেছে ব্যবা, তোমরা চলে এলে, তার পর আবার ছটো,— আন কাল্ পর্যান্ত সেই চুলি জলেচে।

মহেশ। (জলধাবার লইয়া আহার করিতে করিতে) তুমি ত ভাই কেবল রগড় নিয়েই আছ, অন্য কোম ভাবনা তো তোমার আর নাই।

রাধান। ভাবেরা কিসের জন্যে বদ। (প্রেমটাদেরপ্রতি) প্রেমটাদ জল থাবার দেরে। মহেশ বাবু, "যা দেবে অঞ্চে তাই যারে সঙ্গে '' ঠিক কি মা ?

প্রেম। (জলধাবার প্রদান) বাবু, চারটা সিংআড়া ছ থানা লুচি আর তিন থানা থান্তার কচুরি আছে।

রাবাল। ভাজি কৈ তেও

মহেশ। বাড়ীতে কিছু থাপ্তনি নাকি, এত কি করে ধাবে, এই ১০টার সময় ভাত থেয়ে এসেচ।

রাধান। আমি ভাই বাড়িতে ভাল করে ধেতে পারিনে। ডাল আর শাকচড়চড়ী রস্থই হয়, অনেক পরিকার, তা এই ধানেই কোসে পেট ভোরে থেয়ে যাই। প্রায় চার পাঁচ আনার কম আমি কোন দিন থাইনে।

মহেশ। পরিবারের। শাক চড়চড়ি পার, আর তুমি এখানে এত নবাবী করে যাও বেশ কিন্তু, আমরা ভাই তা পারিনে, এই চার পাঁচ আনা পরিবারদের দিশে, তারা যে ভাল করে পেতে পায়, থাওয়াতেও পারে। (স্বগত) অনে-কেই তোমার মতন আছে যারা আফিষের ময়রার কাছেই বাবুগিরির পরিচয় দেয়।

রাথাল। মহেশ বাবু, শনিবারে ছন্ট সাছেব রেটাকে কেরাণিরা মিলে আচ্ছা জব্দ করে দিয়েছে। ঐ রকম সকলেই করে, তাহলে কন্তারা টের পায় যে বাসালিরা কন্ড ছন্ট।

িমহেশ বাবুর প্রস্থান চু প্রেমটাদ কিছু মিষ্টি দাও হে!

েনপথ্যে (বাদনের শব্দ।)

স্থবল। গোরা যাচেচ, গোরা যাচেচ।

়ু[সকলের প্রস্থান।

তৃতীয় **অক** সমাপ্ত।

চতুর্থ অঙ্ক।

প্রথম গর্ভাঙ্ক।

বড় সাহেবের আফিস্ ঘর !

(বড় সাহেব আসীন ও সিয়াজান হরকরা দণ্ডায়মান।)

বড় সা। কৈ হাায়।
মিয়া। থোদাবন্দ। (সাহেবের নিকট উপস্থিত।)
বড় সা। Bholamath Baboo bolao.
মিয়া। যোহকুম, খোদাবন্দ।

প্রস্থান।

(ভোলানাথবাবু ও পশ্চাতে মিয়া-জানের প্রবেশ।)

ৰ্ড় সা ৷ Bholanath! have you made out the list?

ভোলা। (কাগজ প্রদর্শন) Yes Sir, yes, here it is.

বড় সা। Now, promote Muthoor in the room of Khetter, and pay him Rs. 50 from last month.

তোলা। Muthoor is getting 20 Rs.—I think Rs. 10—more will do for him—Rupee a day for a Bengalee Babu is quite enough Sir!

বড় সা। Is it! let me have the list. (Seeing)—
Then you must not draw Rs. 200—as you are the head Babu, 2 Rupees a day for you is sufficient.
So you must get from this month Rs. 60.—
(Signed his name and returned the list).

ভোলা। (অধোৰতন) Excuse me Sir, pardon me, I have no bad feeling against Muthoer but I was trying to save some money.

ৰড় না। Now, now, don't bother me, go to your seat.

[ভোলানাথ বাবুর প্রস্থান।

চারজন উমেদার দর্থাস্ত লইয়া প্রবেশ।

মিয়া। কাঁহা যাতা হ্যায়, হকুম নেই যানেকো, (এক ধান্ধা) উদার থাড়া রাহ।

প্রথম। হামলোকা দর্থান্ত হ্যার, তুম সাহেব কা পাশ লেযাও।

মিয়া। হামকো কুছ্ দরকার নেই, হিঁরাসে তোফ * লোক যাও।

দ্বিঃ। পীয়াদা সাম্বেব, অমি কিছু দিচ্চি (এক গ্র্যার্নি প্রেদান) আমার দরধান্ত ধানা সাহেবকে দাও। তৃতীয়। আমরা সকলেই কিছু কিছু দিচ্চি এই নাঁও।
• মিয়া। (দরপাস্ত সকল লইয়া বড় সাহেবকে প্রদান।)
বড় সা। (দরপাস্ত দেখিয়া পেয়াদার প্রতি)
গোমিস্ সাব সেলাম দেও।

মিয়া। যো হুকুম। [প্রস্থান । বড় সা। (উচ্চৈস্বরে) Mr. Gomes, Gomes.

(মিয়াজানের প্রবেশ।)

মিয়া। খোলাবৰ, গোমেদ্যাব ড কই নেই ছাায়, হুজুর কুন দাব মাঙ্গতা ?

় বড় সা। পৌমেস্ সাব, যো সাব বাড়া হল্মে বাটতা।

শিলা। ও দাব্কা নাম ত পেরারা দাব হ্যায়।

বড় দা। Never mind, টুম্ বোলাও।

[মিয়াজানের প্রস্থান।

বড় সা। কই হ্যায় কই হ্যার।

(মাফ্টার পেরেরার প্রবেশ।)

পেরে। Good morning, Sir! My name is not Gomes.

বৈড় সা। Oh! that matters very little. Perera, • Gomes, De' Souza, De Cruz are all the same. পেৰে। Your pleasure. বঁড় সা। Now, here are four applications.— Call out the names and examine them, and who will stand first, give him the last room.

পেরেরা। (দর্বাস্ত সকল লইয়া নাম ডাক্ন) উমাচরণ রায় B. A.

উষ^{া ।} (অগ্রসর হইন্না বড় সাহেবকে সেলাম করিরা দণ্ডারমান।)

পেরে। রামচন্দ্র বাগ্চি, গণপতি বিশাস $B.\ \Lambda.$ নাববচন্দ্র পাল $M.\ A.$

তিন জন। (বড় সাহেবকে সেলাম।)

পেরে। You are to be examined verbally, and must answer the questions in no time now stand properly.

(চার জন শ্রেণীবদ্ধ হইয়া দ্ভায়নান)

পেরে। Spell—Separation?

প্রেথম। SEPARETION.

পেরে। Next?

'দিতীর। SEPERATION.

প্রে। Next.

্ত তথ্য। SAPERATION.,

পেরে। Next.

हर्ज्र । SEPARATION.

পেরে। What is the interest of 500 Rs. for 6 months @ 3 per cent. per anum?

প্রথম-9 Rs.

দি হীয়-30 Rs.

তৃতীয়—5 Rs.

চতুর্-7 Rs.-8Ans.

পেরে। (বড় সাহেবের প্রতি) Sir; Madhab chunder Pal M. A. is the best of all, and very intellegent, বড় সা। Very good—appoint him.

পেরে। (মাধবের প্রতি) তুমি কা**ল** আমার কাছে আসিও।

মাধব। very good sir (লগা ছেলাম)

িপেরেরা ও উমেদারগণের প্রস্থান। (মিসেস ফেভরিট পুত্র সমভিব্যাহারে প্রবেশ)

মেম। (মিরাজানের প্রতি) বারা সাহিব হাার? হামারা কাগজ দেও (কাগজ প্রদান।)

মিয়া। (বড় সাহেবকে কাগন্ধ প্রদান।)

বড় সা। (সসবাস্তে উত্থান ও মেমকে রীতিমত অভ্যর্থনা।) Good morning Mrs. Favourite, how do you do. Take your seat please.

মেম। Thank you Mr. Takeall.I am quite well. (উপবেশন) How do you like the climate? ৰড় না। Oh very pleasant.

মৈম'৷ Are you very busy Mr. Takeall? বড বা ৷ Oh no. no.

মেম। I have come to ask you a favour.

বৃত্ত সা ৷ Dont mention—what is it ?

নেম ! I am told that a vacancy has occured in your office—so I want to get my boy in that room: he has left the school shortly. I hope you can do something for him.

ৰু সা। Most gladly—Mrs. Favorite, can he write.

মেম। Oh yes, but not small.

বড় সা i Never mind—he can learn here by and by. I will give him some better post.

মেন। Thank you—Thank you I dont like to interrupt you, good bye. (Shook hand). (জেম্সের ্প্রতি) James you can stop now.

বড় সা। কই হ্যায়।

মিয়া। থোদাবন।

বড় সা। পেরেরা সাব সেলাম দেও!

মিয়া। জোত্কুম।

প্রস্থান।

(পেরেরা সাহেবের প্রবেশ)

বড় সা। Look here Mr. Perrera, appoint

this boy and give him some thing to do.

পেরে। I have ordered that man to come tomorrow.

ৰছ না। Never mind, you can tell him—jào, he is a native of this place—he can try somewhere else, but we ought to assist our own men, dont you see? and look here—this boy can not write a small hand so that give him any Office work, let him improve his handwriting.

পেরে। Very well, Sir! (বালকের প্রতি) I say come along with me. (সগত) কি বিচার হলো—কি বলুবে হামার কিছু হাত নেই, উঃ বেচারাকে examine কর্লে আস্তে বল্লে, তার পর আপনার জাতকে রেখে দিল, বেশ।

বড় সা। মেরা বাকস্লাও।

মি। (বাক্স প্রদান।)

বড় সা। (চুরুট ধরাইয়া থবরের কাগজ দর্শন।)

🕽 মাঃ জেমদের প্রবেশ।)

জেম্স। Uncle! it is getting warm now, how do you manage to stop here, in this season. বছ সা। Yes it is a very bad season for

newcomers; and this country is not at all suited to Europeans, but mind you, this is a money making spot no doubt. Scarcely you will find any one at home fairing badly who has made a voyage from India, especially we marchants, carrying on our business simply by the money of the natives who are very simple and never hesitate to lend to Europeans. . By the by James, the Babu will be coming todaytake care how you answer him.-Now he has a son and he is trying to make him a Banian so he will offer you the money-but take care you must not accept it first.—You can tell him what I have instructed you. Don't forget to tell that you have brought money with you.

জেম্স। Oh yes unele, I must obey you. নেপথো। সাহেব হাায় পেয়াদা। বড় সা। James, the Babu has come.

(রামক্মল ও গৌরিকান্তের প্রবেশ।)

রাম ও গৌরি।— (বড় সাহেবকে লম্বা সেলাম করিয়া শুন্তায়মান।)

বড় সা। Good morning Babus, Take your seats.

রাম। Good morning Sir, this my son, I bring him Sir. [উভরে উপবেশন।

বড় সা। Very good Babu, I am glad to see him. (জেম্সকে দেখাইয়া) This is my nephew, who has come out to trade in Calcutta.

ৰাম। Yes sir, yes, I heard last evening, I very glad, young man's name what Sir?

37

ৰড় সা। His name is James Takeall. Now Babu what do you want? I cant wait long here—I have some urgent business.

রাম। Last evening I tell you Sir all my wants.

বড় সা। Yes, yes, I remember now, very good, you can speak that to James— (জেম্সের প্রতি) James hear what Babu says, I am coming.

জেম্স ৷ Babu what is that, let me hear.

ৰাম। I hear, you will open a Farm—you want a Banian— I brought my son for that. He left school soon, he known business well, I teach him. I will supply you the money you require, and my son will be your Banian.

জেম্স। Babu— I dont think I will keep

any Banian— and I dont want to lend money, I have brought money enough with me.

রাম। My great hope gone, Sir, (স্থগত) তাইত কি আর করাযায়, বেটা আস্চে গুনে গতবৎসর তুর্গোৎসব বন্দ করে দিয়ে টাকা গুন জমা করেছিলেম, কিন্তু কিছু হলোনা দেখ্চি, (প্রকাশ্যে) Very good, my son can keep your cash and I deposit money for that.

জেম্দ। Very good Babu, don't you be disheartened, I will let you know by and bye.

রাম। Thank you Sir—I can go now, good day Sir. (সস্তানের প্রতি) সাহেবকে সেলাম কর্না, এই করেই চাক্রি কর্বি আর কি।

গৌরি। Good bye Sir.

[উভয়ে প্রস্থান।

তেম্স ৷ Strange !! How willing are they to lend money— Fools !! Can they not carry on a trade with the money instead of lending it!

(বড় সাহেবের প্রবেশ।)

বৃড় সা। James have you observed?

জেম্স। Yes uncle— I, for the world would never do so, four, five Lacs of Rupees not a triffe!!!

বড় সা। What four, five Lacs? They can supply you more than that.— Did you answer him as I told you?

জেমদ। Yes Uncle I did so.

বিজ্ সা। I did the same when I first came here.

জেম্স ৷ Suppose, I run away with the money— can be do any thing ?

বড় সা। No use of running away—Insolvent Court is the best resourse.

জেম্স। I pity him, poor man, his son is a young man, he can transact a business on his own account with the money.

বড় সা। But they fear much of loss, they have no enterprise. Now James come along—let us go.

িউভয়ে প্রস্থান।

পঞ্চম অঙ্ক।

প্রথম গর্ভাঙ্ক।

कृल घत ।

বালকগণ আসীন।

প্রবোধ। আজ বাবা টিকিদাস না আসে তো বাঁচা যায়, এ (Hour) আওয়ারটা ইয়ারকি দে কাটাই।

প্রিরনাথ। ই্যা সে বেটা কামাই করবে মনে করেচ? বাবা? সে তেমন ছেলে নয়,ঝড়, বৃষ্টি,বজা্বাত হলেও তার কামাই নেই। সে বেটার না আছে ঘর, না আছে পরিবার, সিকি পয়সা খরচ নেই, যা পায় সকলি জমা। ঘোষেদের উমেশকে পড়ায়, সেখানেই খাওয়া দাওয়া পায়, আয় তাদেরি বৈঠকখানায় পড়ে থাকে।

প্রবোধ। পড়া ত কিছুই দেখিনে, আর ইস্কুলের পড়া কথন্ দেখবো বল। প্রতাহ রিহার্সেল চলেচে, আমাকে ভাই হু তিনটে পার্ট মুখস্ত কর্তে হচ্চে, আমার আবার ডুল্লীকেট কেউ নেই।

প্রিয়। ও হে! তোমারা ও লাল ছেলেটা জোটালে কোথা থেকে ?

প্রবোধ। ওহে ও ছেলেটাকে বড় ফাঁকি দে পাওয়া গেচে, ওর ভাই বাড়ি এখানে নয়, ওর বাপ ওকে কলেজে পড়াবার জন্যে এথানে রেখেগেছে, আমি ভাই ফোঁস ফাঁস দিয়ে ওর পরকাল ঝর ঝরে কর্বার উপায় করে দিয়েচি।

প্রিয়। ও হে টিকিদাস আস্চে হে, বেটা গদাই লম্বরি চালে চলেচে, বেটার গড়ন খানা দেখেচ! যেন কানাইদাওয়ানের ঘোঁড়া।

(সকলে স্থান লইয়া গোলযোগ ও পণ্ডিতের প্রবেশ।)

পণ্ডিত। আহা, তোমরা কি ক্র্চো গো, স্থির হওনা, হাট বসিয়েত্ শে। (উপবেশন) কই আর সকলে কোথায় ?

(গোপাল ও বেচুর প্রবেশ ও স্থানের জন্যে গোল।)

ু -পোপা। Good morning. পত্তিত মশাই।

বেচু। (পানের থিলি লইয়া) পণ্ডিত মশাই পান খাবেন, বেড়ে গোলাপি থিলি।

পণ্ডি। না বাপুনা, আমি কি পান খাই।

বেচু। (স্থগত) ভক্তবিটেল, পান খান না, পান করেন। (উপবেশন।)

পণ্ডি। প্রিয়নাথ, এক খানা পুস্তক দেও দেখি ?
গোপা। (প্রবোধের নিকট গিয়া) আজ বাবা রড়
নেশাটা হয়েছে, মালি বেটা আজ কোথা থেকে খাঁটি নেপালে সারেন্দ্র এনেছিল, এক এক টানেই বঁদু।

প্রবোধ। তাইতো রে ! তোর চক্ষু ছুট ফেটে যেন রক্ত বেরুচ্চে, আর আছে ? আমি যাই একটান টেনে আসি ? গোপা। তবে শিঘি যা।

প্রবোধ। পণ্ডিত মশাই ? একটু জল থেয়ে আসি, আর সকলকে ডেকে আনি।

পণ্ডি। পড়নাগোপড়না, সময়টাবুগাগেল যে। বেচু। পণ্ডিত মশাই! গঙ্গায় পোল হলে ত সব

একাকার হয়ে যাবে। পণ্ডি। ভাঃ, তোমরা (নস্য লইয়া) কেবল পাশ

কথায় সময় কাটালে ; পুস্তক থোল না !

গোপা । পণ্ডিত মশাই ? আমাকে এক টীপ নস্য

গোপা। পাণ্ডত মশাই ? আমাকে এক টাপ নস্য িতো, বড় সর্দিটা হয়েছে।

পণ্ডি। সত্যই তো, তোমার চক্ষু ছটো বড় লাল হয়েছে। (নস্যের ডিপে প্রদান)

গোপা। (নস্য লইরা অনুটেচস্বরে) নেসাটা কেটে যাজিল বাঁদি কয়ে নিলম। (নস্যের ডিপে বেচুকে প্রদান)

বেচু। (নসা লইরা ্াান্য বালকদিগকে প্রদান ও তাহারা সকলে লইলে) পাঙ্জুমশাই ডিপে নিন! (পণ্ডিভকে ডিপে প্রদান)

িও। তোমরা যে আমার ডিপের শ্রাদ্ধ করে দিলে, ক্লার ে কিছুই ন*ী*, একেবারে খালি করেচ!

ি । মশাই ! ছোড়ারা ্ড় জেটা হরে গড়েচে, স্বাহতের বাহ ভাষারা লোক বিভেনা নাই। প্রবোধ। (ধিরে ধিরে প্রবেশ করিয়া ও পণ্ডিতের পশ্লাতে দাড়াইয়া অগভঙ্গী ও তাঁহার মস্তকে আবির প্রদান পরে আপন স্থানে উপবেশন) পড়না হে সকলে পড়না, আজ গোলমাল করেই বে ঘণ্টাটা কাটালে, তোমাদের জন্মে পড়াগুনা হবেনা দেখিটি।

পণ্ডি। বেচু? একটু মগন পড় দেখি?

বেচু। (স্বগত) কি পড়ি বাবা কিছুই যে দেখতে পাচিচ না। (উথান) রাজা রাণিকে কহিলেন, প্রিরে! তোমার মন্দিরের আগড় পোলা কেন, আর গৃহাভ্যন্তরে প্রদীপ কেন নিবে গেছে ? রাণি কহিলেন, হে ভূধর! আজ সংসারের কাজ কর্ম্ম করে, গোরাল ঘর পরিস্কার করে, বড় অবসন হয়েছি, তাই এই চেটা পেড়ে কিঞ্চিৎ বিশ্রাম কচিচ।

পশ্চি। ও কি পড়চো গো, তুমি পাগল হয়েছ নাকি বেচু-!*ছি, ছি, ছি, তোমার কিছুই হবে না, সামান্য মথন পড়তে পার না, বড় লজ্জার বিষয়, বাফালির ছেলে অতি নিক্নষ্ঠ, মাতৃভাষাটিও জানা উচিত।

বেচু। (উপবেশন) বাঙ্গালা পড়ে কি হবে মশাই, আপনি যেমন আমরাও তেমনি হয়েছি, ওতে আর কিছু হবার জো নাই, ওটা ডেড ল্যাঙ্গয়েজ (Language) হয়ে গেছে। আর আমাকে ত আর পণ্ডিতি কর্তে হবে না। বাবা আমাকে গত মাস থেকে আপিশে বার করবেম বলেচেন।

পণ্ডি। সে ত ভালই, কিন্তু লেখা পড়া কি চাক্রি

করবার জন্যেই শেবে! বিদ্যাভ্যাস করা জ্ঞান উপার্জনের জন্যে। চাক্রি করে পয়সা উপার্জন করবাে, এই চিস্তায় বে ব্যতিব্যস্ত হয়েচে, কিন্তু চাক্রি করায় আজ কাল কি লাঞ্ছনা, কট, অপমান, তা তােমরা জান না। ও সব চিন্তা পরিত্যাগ কর, আমার কথা শুন, বিদ্যাভ্যাসে অয়ত্ন করাে, জ্ঞান ধন উপার্জন কর চিরস্থথি হবে।

প্রিয়। (বেচুর প্রতি) চিরক্গি হবে।

বেচু। দে কি মশাই, আমি কি এখন অজ্ঞান আছি, আমার কি ব্যেস হয়নি। পণ্ডিত মশান আপনার ভূল। চাক্রি বিনে আমাদের স্থবিধা হবেনা। এই ছেলে বেলা থেকে বেঞ্চে পা ঝোলানা অভ্যাস; একটার সময় টিলিট্র খাওয়া প্রাকৃটিস (Practice) দশটার সময় এসে চারটার সময় বাড়ী বাওয়া প্রাকৃটিস (Practice) হয়ে গেছে, আর (Habit is second nature) হ্যাবিট ইজ সেকেও নেচার, কাজে কাজেই বেচাক্রিতে এই সব আছে তাই করতে হবে। কেরাণিগিরিবই আর কি এমন কাজ আছে বলুন, গাঁচ টাকা সাইনে হোক, আর দশটাকাই হোক, তাতে কিছু এসে বায়না, কিন্তু আরাম আছে, আর দির্ব্বি থাকা ও যাবে, কোন হ্যাক্লাম নেই।

প্রবোধ। পণ্ডিত মশাই! আপনার ইচ্ছাটা কি? লেখা পড়া শিখে মাঠে গিয়ে ধান কইবো, মুদিগিরি করবো, না ব্যবসা বানিজ্যের জন্যে এদেশ সেদেশ করে বেড়াবো। পণ্ডি। হাঁয়া বাপু আমার ইচ্ছা যে তোমরা লেখা পড়া শিখে ব্যবসা বানিজ্য কর, কেন না বানিজ্যে বসতে লক্ষ্মী।

ট্গোপা। (প্রবোধের প্রতি) কাল ভাই কাকা এক
বেটা আফিসের সাহেবকে বড় জব্দ করেচে।

পণ্ডি। জাগ বাপু ও সব পাস্ কথা যেতে দ্যাও। এখন একটা সন্ধি কর দেখি। নর বানরঃ।

প্রবোধ। নর, বানর আপনি জিজাসা করেচেন—
অর্থাৎ নর ছিল বানর আপনি সন্ধি কর্তে বলচেন—যথা,
নর-বা-নর—নরবানরঃ।

পণ্ডি। (মস্তকে হস্ত দিয়া ও হস্তে আবিরের চিহ্ন দেখিয়া) এ কি! কে কর্লে এমন কাজ। অব্যাচিন ছ্ট বালকগণ, একি তোমাদের ব্যবহার, শিক্ষককে ব্যঙ্গ; উচ্চুন্ন যাবার লক্ষণ।

গোপা। ও কি মশাই ! টালির স্থরকি খসে পড়েচে নার্কি ? আমি ঝেডে দেবো (নিকটে গিয়া) না না এ তো স্থর্কি নয়, স্থরকি কেন এত লাল হবে, আপনি তবে কোথায় হলি খেল্তে গেছলেন না ?

পণ্ডি। (ক্রোধে কম্পিত) দেখ, এ তোমাদের অত্যন্ত কুরীতি, ভদ্র সন্তানের এরপ কার্য্য নয়; (মস্তক কাড়ন) তোমরা নিতান্ত শিশু নয় বয়প্রাপ্ত হয়েছ। আমাকে তোমরা এরপ বিদ্রাপ কর এর ফল তোমরা পাবে, তোমা-দের আর অধিক কি বলবো; যেন কেরাণীগিরি চাক্রি তোমাদের করতে হয়।

বেচু। বেটা ত বড় শাপাস্তর করে গেল হে, ওর

মুথে ফুল চন্দন পড়ুগ, আরজন্ম জন্ম আমাদের কেরাণীগিরি জুটুক।

গোপা। ওছে ভাই! বেটা রেগে বলে গেল যে, তোমাদের কেরাণীগিরি করতে হোগ, এর ভিতর কিছু মানে আছে।

প্রির। তা বাবা আমরা ওর মানে জানিনে বটে, কিন্তু যারা কেরাণীগিরি করেন, তাঁরাই বলতে পারেন এর ভেতর কি গুড়ত্ব আছে।

নেপথ্যে। ঘন্টার শব্দ—— সকলে। ছুটি হয়েচে চল হে চল।

[সকলের প্রহান।

দ্বিতীয় গর্ভাঙ্ক।

রেলওয়ের ষ্টেদন।

(মান্টার গোমেশের প্রবেশ।)

গোমে। (উচৈজ্বরে) আব্ ছল, আব্ ছল? কিদের গিয়া থালাসী লোক এক আদিনি হিঁয়া হেয় নেই, ধুপমে হাম কাঁহা পরি ঢুঁড়েগা (নেপথ্যে দেখিয়া) টেওেল! টেওেল! ইদার জল্দী আদো জল্দী আদো।

(টেণ্ডেলের প্রবেশ।)

টেণ্ডে। সেলাম সাব, আত থাপ্পা কিসের লাগি। গোমে। আরে ম্যান তুমি বি জেম্নি হলো, তোমার লোকরা বি তেমনি হলো।

টেও। ক্যান্ সাব, কি দরকার হইছে মোরে কও।
গোমে। আমার মুঙ হরেচে, আর কি হরেচে;
আমি কুন ঘড়ী থেকে ফুক্রাতে লেগেচে, একটা ধালাশীকে দেখতে পালনা তোমাদের লেগে হামি গালাগালি
থাবৈ, না ?

. টেণ্ডে। সাব আদ্মি লোক ইদার উদার কাম কর-বার লাগতে, আমারে কইলে তো বোলারে দেতাম (উটচ্চ-স্বরে) বক্সং! বক্সং! আরে ও জামির নিয়া, আরে মিয়া, এক স্লাদ্মি ইয়ানে আইস হনচো না, সাব এতনা ডাহা-ডাহি করবার লাগছে?

(তৈলের কানেস্তারা হস্তে জামিরের প্রবেশ)

জামি। ডাহাডাহি করচো ক্যান্, এক কামে পাঠা-ইয়া ছুসরা কাম করবার কইচো, ইহানে থাকনে কয়, তাই থাকী বাহারে জাওনে কয় তাই জায়ী, কামের ত ঠিক পালামনা! তোবা, তোবা! আদ্মির জান বই আর নয়।

গোমে। হাম কেলা, বোলায়া কহিকো জবাব নেই,> এবি আফিসমে জাও বাড়া সাবকো পাঙ্খা টান জা কর। জামী। হামছে হোগা নেই, হাম্ নকরি নেই মাঙ্ডা, (তৈলের কানেস্তারা রাখিয়া) ফাজীর বেটা ফাজী, মোরে ছোটলোকের পোলা পাইছেন, এ যেন কেরাণি পাইছেন, যে হুকুমের চাকর হুইতে হুইবো।

গোমে। (সজোধে) ক্যা বোলতা স্থ্যার ভূম গালি দেতা হ্যায়, এবি তোমরা দাড়িমে স্থ্যার বাঁদকে দেগা। (আঘাত করিতে উদ্যত)

টেণ্ডে। আরে সাব থোড়া ঠাণ্ডা হয়, হাত উঠায় না (প্রতিবাদ)

জামি। টেওেল মিয়া কাফর মোর দাড়ীর নাম কর্ছে ওর টুটী ছিড়াা ফ্যালাইব, মোরে জানে না গুলামের ব্যাটা গুলাম।

টেওে। আরে মিয়া জাতে দ্যায়, চুপ দ্যায় ২, জাও তুমি বাহারে জাও, (গোমেসের প্রতি) সাব হাম মাদমি লাতা হায়, তুম থোড়া সবুর কর।

জামি। কি বলচো টাণ্ডেল মিয়া, কাফররে দেখাই-তাম হুঃ (দস্ত কিড়মিড়)

[জামির ও টাণ্ডেলের প্রস্থান।

গোমে। By jove? I would have killed the man, had he abused me, never mind. সালা লোক আপনার খুসিমাফিক চলো, আর হামি সালা এখানে দেঁড়িয়ে থাক্তে করল। ধুপে মোর দে গরম হয়ে জেতে করচে, আফিসে বি সালার লেগে চুক্তে পাচ্চে না—কি করবে, (টেপ্ডেলের প্রীতিক্ষায় দণ্ডায়মান)

(শ্যামাচরণের প্রবেশ।)

• • শ্যাম। (স্বগত) যা হোগ বেটা হৰ্দ্ন পাজি, ছোট লোকের শেষ, নিষ্ঠ্র, মায়া মমতা আদবেই নাই; এমন লোককেও আফিসমাষ্টার করে। যার কোন কাওজ্ঞান নাই. উপর্যালাদের বিবেচনাটাই বা কি ? বেটাকে চিটি দেখালুম, অত করে বল্লম, ক্রন্ফেপও করলে না. রিজাইন (Resign) দিতে চাইলেম, তাও গ্রাহ্য কর্লে না, (দীর্ঘ নিশাস) হায়, হায়, টাকার জন্যে এ লাঞ্চনা এ ক্নতদাস অপেক্ষাও অধম হতে হয়েছে, হায় পূর্বজন্মে কত মহাপাপ করেছিলেম, তারি শাস্তি এই কেরাণি-. গিরি। মরণও হয় না যে এয়ন্ত্রণা এডাই : যা হয় হবে. আমি এখুনি তো চল্লুম এছার চাক্রির প্রত্যাশা করায় আর ফল 🛧 স্বিবার আগে না চাক্রি আগে। যাদের জন্যে এ দাসত্ত স্বীকার করা, বিদেশের কন্ত সহা করা, তাদের যদি দেখতে যেতে না পাব, তবে আর চাক্রি ক্যানো। বেটা আপনার জাত ভাইকে জনায়াসেই ছুটি দিতে পারে, কেবল যত প্রভুত্ব কতৃত্ব এ গোরিব বাঙ্গালিদেরি উপরে। হায় হায়, বাঙ্গালিদের এ অবস্থা কি চিরকাল থাক্বে! কথন ভাল হবে না। হে ভগনার। আমরা কি তোমার স্ষ্টিতে এতই নিচ, আমরা কি মন্ত্রোর মধ্যে গণ্য নহি, আমাদের শান্তি দিবার জন্যেই ফি বাঙ্গালি করেচ, চিক্র-কাল কি আমরা মেচছদেবি ৫ ত হয়ে থাক্বো, আমা-দের অবস্থা কি কখনই বনাং হে ভগবান!

আমরা ত সকলেরি মন যোগাই, মুসলনানকে সেলাম, হিলুস্থানিদের পাঁওলাগে, না হয় রাম রাম বলে থাঁকি, বৈফবকে দওবত করে থাকি, আর সাহেবদের তো যত-দূর মান্য করতে হয় ততদ্র করি, তবু কেন আমাদের কপাল এত মন্দ ?

গোমে। (প্রচ্ছের ভাবে আসিরা শ্যামলালের পৃঠে হস্ত দিয়া) হারে ম্যান ? তোমার মুখ অমন স্থ্না কিসের লেগে ?

শ্যাম। আর মাষ্টার গোমেয, আমার মহা বিপদ হয়েচে, এই দেখ (পত্র প্রদান) আমার বড় ছেলেটি এত-ক্ষণ কি হয়েচে বল্তে পারিনে, (দীর্ঘ নিশ্বাস) আর আমার স্ত্রীরও বড় বেয়ারাম আজ তিন দিন হলো পত্র পেয়েচি, কিন্তু কি করি এ বেটা ছুটি দিচ্চে না, চার্জ্জ (charge) বুঝে নিচ্চে না, বিষ্য বিশ্ব বিশ্ব কি করি বল দেখি ?

গোমে। ই বড় ছুকী লব বাং আছে, মোকে বড় ছুঃখু লাগ্চে, আরে মাান আর ইথানে দেড়িয়ে থাক্লে কি হবে চাক্রি বহুত মিল্বে, লেকেম্ ছেলে মিল্বে না, ভূমি দেরি করোনা চলে যেতে কর।

শ্যাম। মাষ্টার গোমেষ ! আগি ত তাই স্থির করেচি।
গোমেয়। (ইঞ্জীত করিয়া) উনার কাহে গেছ্ল,
তা উনি কি বন্ন ?

শ্যাম। না, কোন মতে চুটী দেবেনা, ও বেটা বলে কৈ, তোমার কর্ম কে কর্বে। তা মাষ্টার গোমেয, এই কেরাণীগিরি কাজ পেরে কি ফেনা গোলাম হয়ে গেছি,
আশার কি আর বর দোর নেই, গাধার মতন খাটবো
আর এই খানে পড়ে থাকবো। এরা সভ্য জাতি হয়ে
আমাদের উপর এত নিষ্ঠূরতা আরস্ত কর্লে। কাগজে
পড়া যায় যে (Slave trade) উঠিয়ে দেবার জন্যে ইংরেজরা কত শাই কর্চে, তার আর ধুম ধামের সীমা পরিসীমা নাই।

গোমেষ। তা তৃমি কের আমাকে বল্চে কিসের লেগে, হামি সব জানে। লেকেন ই বেটা বড় থারাপ লোকআছে বাবু, তোমরা ত নেটাব, (Native) মোরা সাব লোক, মোরা ছুটা মাঙ্গলেবি পাইনে, তুমি জানে হামি সে দিন মোর একটা ফুণ্ডের (Friend) সাদীর লেগে, জাস্তি না, আদা ঘণ্টার লেগে ছুটা মেঙ্গে ছিল, হামজ্জাল দিল না — কি করবে বল, আজু কাল চাক্রির লেগে সব কর্ভে হয়।

শ্যাম। কিন্তু সে দিন কি করে নাটার হন্টারকে
শীকার কর্তে এক সপ্তার ছুটী দিলে। আর আমার এই
বিপদ আমাকে ছুটী দিচ্চেনা একি কম ছংখের বিষয়,
উপর আলারা এই সব জান্তে পারে তা হলে বড় ভাল হয়।
আর কেই বা তাদিগে শুনায় বল, যাঁরা নোটা মাইনে
পান তাঁরা দাদার জয়ে জয়; তা তুমি বেশ জেনো মান্তার
গোমেষ, যে চারপো পাপ টুন্টনে না হলে কেউ কেরাণীগিরি কর্তে আদে না, এ এক রক্ম নরক যন্ত্রণ।

গোমে। শ্যাম বাবু তুমি যেয়ী পাগল হয়েছে ম্যান,

আমিও বি তেমি হলো। তুমি কি জানে না, হাণ্টার সাষ্ব যে উনার সমন্দী আছে, উনারা এক জাত আছে, আরু সম-ন্দীকে ফেঙার (Favor) কর্বেনা! বা বা!! হামার যদি একটা বহিন্ থাক্তো, দেখতে হামি কি করত, মোদের জেতে বহিন থাকলোত ভাল, গরা লোকদের সাতে মোদের খুব দস্তী হলো, কামের বি ভাবনা থাক্লো না, আর কাজ কাম না জান্লে বি জাস্তি তলব মিলে।

শ্যাম। মাষ্টার গোমেষ ! আমি বাড়ী চল্লুম, বোধ হয় আর ফিব্চি না ; আমার কম্প্লীমেণ্ট (Compliment) সকলকে দিও। [প্রস্থান ।

গোমে। যাই হামি বি ফের দেঁ ড়িন্নে থেকে কি কর্বে, শালার বেটা যে পাজী আছে, জরিবানা করে দিবে।

নেপথ্যে। গোমেষ, গোমেষ।

গোমে। (উচ্চৈস্বরে) Yes sir, here I am.

নেপথে। God damned you half cast.

গোমে। [সভয়ে প্রস্থান।

ষষ্ঠ অঙ্ক।

শ্যামলাল চৌধুরির বাটির এক কুঠারি।

নফর ও মালতী পিড়িতাবস্থায় শ্যান।

নক। (অস্থির অবস্থায় ভগ্নকঠে) আঃ, আঃ—উঃ ওঃ—মাঃ – মা, মাগো ও মা———

মাল। কেন বাবা; কি বল্চো যাছ ?

নফ। উঁঃ একটু জল, মা একটু জল দ্যাও না।

মাল। (কটে গাতোখান) কেন বাবা, আঁ-আঁ। এক-যাই জল, হাঁ কর, এই ন্যাও (জল প্রদান) একটু ছির হও বাবা গ্রালা স্থাকিয়ে উঠ্বেধন।

নিফ। (পাশ ফিরিয়া) মা——(ভিতৰ।)

মাল। কেন মা (চক্ মুছাইয়া) কি বল্ছিলে বাবা আমার, নফর ! কি বাবা ? (নিধাদ পরীক্ষা করিয়া) বাবা নফর চেয়ে দেখ, অমন করে নির্ধাদ ফেলচ কেন ? (নাভি ও হস্ত পদাদি পরীক্ষা করিয়া) এ কি হলো গো ! গা হাত পা কালা হিন হয়ে গেল কেন ! কাকে ডাকি, এ রাত্রে কোথায় বা যাই, হায়, হায় ! আমার অদৃষ্টে কি এই ছিল্ছেমা কালিবাটের কালি ! তোমার সোনার নোয়া দে পুজো দেব, বুক চিরে রক্ত দেবো, তোমার নগ গড়িয়ে দেবো মা, এই নথ দিউরে রাধ্লুম (নথ খুলিয়া রাখন)

তোঁমাকে নথ না দিয়ে আমি আর পর্বোনা, তুমি শীদ্রী আমার নফরকে আরাম কর মা। হে বাবা দশঘরার পঞ্চানন ! নফরকে আরাম কর বাবা, আমি দাঁতে কুট করে দোরে দোরে ভিক্ষে করে তোমার পূজা দেবো বাবা, আজ পর্যান্ত নফরের নোক চল সব রইল।

নফ। (অতি কণ্টে) মা-মা-বাবা এসেচেন ?

মাল। না তিনি এখনও আসেন নি, আজ নিশ্চয়
আস্বেন, তোমার অস্থবের খপর শুনে কি তিনি নিশ্চিদি
আছেন ? কর্ম্মের গোলে দেরি হচ্চে, কি—হয়তো সাহেব
ছুটীর গোল করেচে।

নফ। (শয্যাকণ্টকি ও অন্থির) মা—মা—একটু জল। মাল। বাবা নফর, স্বত্ত্বল একষাই খাবে, একটু মিচ্রি দেবো?

নফর। (হস্ত দারায় নিবারণ।)

মাল। (ঝিলুকে করিয়া জল প্রাদান) আঁঃ আমাকেও যমে এসে ধরেচে (কম্প) আমিও ত আর বস্তে
পারিনে, হায় হায়, এবার কি হবে এ যে ঘাের বিপত্তি
(নফরের মুথ পানে দেথিয়া) নফর ? ও কি বাবা!!
জল ঘিঁট্তে পার না (নিশ্বাস পরিক্ষা করিয়া উচ্চেস্বরে
রোদন ও শীরে করাঘাৎ) ও নফর কি কলিরে ধন,
'বাবা আমার কোথা পালালি রে (নফরকে আলিজন
করিয়া) ও যাহু আমার, ও কাঙ্গালির ধন, বাবারে, ওরে
তাের মনে কি এই ছিলরে, ও আঁচলের নিধি, বাপ

আমার এই যে মা বলে ডাক্ছিলিরে, গুরে তোর কার্নালি
মাঁকৈ কোথা ফেলে গেলিরে, ও আমার গলার হার, বাবা
একবার মা বলে ডাক। হায় এমন সমর তুমি কোথা
রইলে গো, নফর আমাদের ছেড়ে পালাল গো, ওরে দার্রণ
বিধি তোর মনে কি এই ছিলরে, আমার কোল শুন্য করে
বাবাকে কোথা নিয়ে গেলিরে, আমি বাবার সঙ্গে যাবরে,
ও নকর, নফর আমার, ও গলার হার আমার ঘর অন্ধর্নার
করে বাবা কোথা গেলিরে, বাবা আমার মা বলে একবার
ডাক শুনিরে, ও যাত্ আমার এই যে বাবা জল চাইছিলে
হায়, হায়! (শিরে করাঘাত) ও আমার নয়নের পুত্রলি
বাবারে (উটেচস্বরে রোদন) ও গো আমার কি সর্ব্রনাশ হলো গো, ওগো তোমরা সব এসোনা গো
(পঞ্চন ও মুছ্র্যা)

েনপথ্য। কে কেঁদে উঠ্ল গা, কোন দিগে, আঃ পোড়া বাতাসকেও যমে ধরেচে, যেন ঝড় বয়েছে।

(বিমলা ধুচুনির ভিতর প্রদীপ জালিয়া প্রবেশ।)

া বিশ্বলা। এরা ত সব চুপচাপ্ (নিকটে গিয়া) ও নফরের মা, নফরের মা, ওমা অমন করে পোড়ে কেন গা! ছেলের অকল্যান হুর যে, একি ? (প্রাদিপ ব্রাথিয়া উপবেশন) ও নফরের মা নফরের মা? ওমা? এর মধ্যে এমন সর্ব্ধনাশ হয়ে গেল গা! এযে নেই গো! হার হার! সোনরি চাঁদ ছেলে গো, ছেলেও নয়, যেন রাজ পুত্র, বুকে রাখ্লে বৃক জুড়ায়, আহা কে বলবে যে মোরে গেছে, খেন ঘুমিয়ে আছে, বাবা বাবা করেই প্রাণটা বেরিয়ে গেছে। (দীর্ঘ নিয়াস) হায়, বাপের এমন চাক্রি যে ছেলেটা মোলো দেখতে পোলে না, এখন ছুঁড়িটেকে বাঁচাতে পার্লে যে অনেকটা স্থবিদে হয়, কাকে ডার্ফি (মালতির মুখে জলের ছিটে দেওন) দেখি সীছ আসে নাকি (উখান ও দোয়ারের নিকট হইতে উচ্চৈম্বরে) ও সীচ ওরে সীয়।

নেপথ্য। কে কাকে ডাকে গো—

বিমলা ওরে বাবা একবার এথানে শীদ্রী আয়তরে, আয় বাছা।

(मीছ প্রবেশ।)

বিমলা। ওরে বাছা একবার দেখ দেখি, এই নফঁরের মারের দাঁতি লেগেছে। ছেলেটা ত নেই।

সীছ। (উপবেশন) তাই ত গো মাষী ? ? জাঁতিটে দেও দেখি ?

বিমলা। এই ন্যাও (জাঁতি প্রদান) এই ন্যাও বাবা এই ন্যাও।

সীছ। (দাঁতি ছাড়াইরা মূখে জলের ছিটে দেওন ও মালতিকে তুলিরা শরন করারন।)

মাল। আঁ——বা—বা নফর—— বিমলা। সীছ ? এক কাজ কর বাছা, এ মরা ছেলে এখানে রেখে দেওয়া ভাল নয়, ওকে এক খানা কাপড় টেঁকৈ বাইরে রেখে দি, সকাল হলে যা হয় তাই হবে।

সীছ। বেস ত মাসী [কাপড় চাঁকিয়া উভয়ে নফরের মৃত দেহ লইয়া প্রস্থাম।

(বিমলা পুনঃ প্রবেশ।)

বিমলা। (মালতীর নিকটে উপবেশন ও সেবা স্থাসা) হায়! হায়! এমন সর্কনাশ হবে বলে সপ্পেও জানিনে, কে তোকে আঁটকুড়ী বলে গালাগালি দিলে মা। মাল। কোথা যাব ? এসেচো কি, জল, ঘাটে কাঁটা আছে—চাল গুল কুটে পোড়ে রইল।

বিমলা। কি বল্চো? আমি কে বল দেখি? মাল। (উঠিতে উদ্যত।)

্বুমলা। (চাপিয়া রাখন।)

শ্রাল। জল, নফর জল চাইছে দেও না, তুমি এত দেরি কেন কর্লে ? সাহেবকে বল্তে পারনি।

বিমলা। (স্থগত) হায় ! হায় ! ভরা ডুবি হয় দেখচি এওতো বাঁচবেনা পূন্ন বিগার হয়েছে, যাঃ স্থামির সঙ্গে হয় তো দেখাও হবে না।

নেপথ্যে। (ছারে আঘাত) নফর, নফর, কে আছে বাড়িতে খিল্টা খোল না গা ?

বিমলা। হায়!হায়। কি হবে না জানি, শ্যাম ব্রী এলো (উখান ও উচ্চেম্বরে) কে গা ?

নেপথ্যে। ও গো আমি, থিল্টা খুলে দেও না গা?

বিমলা। ওমাকি হবেগা? জীজ্ঞাসাকর্লে কি বল্বো। (প্রস্থান।"

মাল। ওঁ—আঁ—

(শ্যামলাল পশ্চাতে বিমলার প্রবেশ।)

শ্যাম। (বিস্বরাপন্ন ভাবে) নফর কোথা ? জেঠাই মা নফরকে কেন দেখতে পাইনে! (মালতির শ্যার পার্ধে উপবেশন) নফর কই, তার তো অস্কুখ হয়ে ছিল শুনেচি, সে কোথা ?

বিমলা। নফরকে তার সামারা নিয়েগেছে, তার জন্যে তোমাকে ভাব্তে হবে না, এখন মালতি যাতে বাঁচে তার চেষ্টা পাও (মালতির পদতলে উপবেশন।)

শ্যাম। (মালতীর গাত্রে হস্ত দিয়া) মালতি!

মালতি! চেয়ে দেখ দেখি। তুমি কেমন আছে?

(বিমলার প্রতি) কে দেখ্চে গা? কি অস্কুদ দেওঁ

ইচ্চে ? এখন ডাক্তার পাওয়া যাবে না কি ?

বিমলা। না, এখন কি তার দেখা পাবে, এ গ্রামে ত তিনি থাকেন না। সেই কাল পরেক দেড় পহরের সময়, হয়তো আদ্বেন।

শ্যাম। তবেই ত বিপদ!! এ যে পূর্ণ বিকার দেখছি।

 মলি। ওঁ—জানা গো জানা, ঘাটে বাসন পড়ে রইল।

শ্যাম। মালভি, নালভি, কি বল্চো, চেয়ে দেখ আমি

এসেচি। জেঠাই মা! ঐ ব্যাগের ভেতর বেদানা আছে একটা বার করে একটু রদ দেও দেখি, নফরকে কি তার মামারা নিয়ে গেছে সতী?

বিমলা। (ব্যাগ হইতে বেদানা বাহির করিয়া কিঞ্চিত রুসু মালতির মুখে দেওন।)

মাল। (ভগ্ন কঠে) বাবা ন—ন—ফ—র কোপা গেলিরে, আঁ—তিনি এলেন না।

শ্যাম। আমি এসেচি মালতি, তোমার কি হচ্চে বল দেখি ?

মাল। (স্থির দৃষ্টে নিরীক্ষণ।)

শ্যাম। কি বলনা ? আমি কে বল দেখি ?

মাল। (মন্তক চাঁকিতে চেষ্টা) এসেচ, ন—ফ—র কই. বাবা নফর কোথা গেলিরে, চাঁদ আমার দেখে যারে। শাম। (অন্থীর চিত্তে) জেঠাই মা কি বলে, তুমি বল আমার নফর কই ?

বিমলা। (চক্ষের জল সম্বরিয়া) ও কিছু নয়, বিকা-বের সধর্মো বোক্চে।

মাল। (কঠ খাস।)

শ্যাম। জেটাই মা একটু জল দিন, আমার সর্কনাশ হলো দেখচি, মালতি! মালতি! (জল প্রদান) হার হার আমার জন্যেই কি এই জীবন টুকু ছিল, (উটেপ্ররে) ও মালতি কি কর্লে (শীরে করাঘাত) হার! হার! আমি কি এই দেখতে এলেম। ভগবান! তোমার মনে কি এই ছিল। মালতি, ও মালতি হায়। হায়। আমার সব গেল, জেঠাই মা কাকেও ডাকনা গা ? আমার প্রাণ যে ফেটে যায়, আমি যে আর দেখতে পারিনে, মালতি যে আর চক্ষ্ বোজে না, নিশ্বাম বচেচ না এ কি হলো ? ? মালতি ?

বিমলা। আছো আমি কাকেও ডাকি। প্রস্থান।
শ্যাম। (মালতির বক্ষস্থল, নাসাছিত্র ও মন্তক
পরিক্ষা করিয়া উন্মাদের ন্যায়) হা মালতি কি কর্লে,
হায়! হায়! মালতি কোথায় গেলে, আমাকে ছেড়ে পালালে,
একটীও কথা কইলে না। হায়! নির্দয় পয়্য়াণ বলে কি
আমায় য়য়া করলে।

নেপথ্যে। নফরের গতি হয়নি হটে। এমন করে ফেলে রেখেচে, কি বিজাট উপস্থিত—মধুস্থদন।

শ্যাম। (উত্থান) কি? আমার নফর নেই, আমার স্ত্রী পুত্র ছই গেল, বাবা নফর তোমাকে আমি দেখ্ে পলেম না (ক্রতবেগে বাহিরে যাওনে উদ্যত।)

(জীবন দ্রুতবেগে প্রবেশ।)

জীবন। (শ্যামকে প্রতিরোধ) কর কি, কর কি, বাও কোথার ? হির হও, তুমি কি পাগল হয়েচ, তুমি তো শিশু নও (শ্যাম অচেতন, জীবন তাহাকে বক্ষপরে লইরা উপবেশন ও তাহার বদনে ফল সেচন) মধুস্থদন! রক্ষা কর! শ্যাম, শ্যামলাল! (স্বগত) আহা! ছোকরা এই ব্যেসেবড় শোক পেলে, স্ত্রী গেল পুত্র গেল, একি সামান্য হুংথের বিষয়! অল্পর ব্যেসে বিবাহ করার এই চরম ফল। লেখা

পড়ে উত্তম রূপে শিক্ষা না হতে হতে সংগারের ভার ঘাড়ে পড়ে, কাজে কাজেই অর্থ উপায়ের চেষ্টাতে পরিবার ফেলে বিদেশে গিয়ে জঘন্য কেরাণীগিরির জন্যে লালায়িত হতে হয়। হায়, হায় ! কবে আমাদের স্থানশীয় যুবারা ঐ কুসংস্কার পরিত্যাগ করতে পারক হবে, ঐ ভ্রান্তি হতে নিক্তি পারে, কবে তাঁরা এই দাসম্খুল্ল ভগ্ন করে স্থানীন হতে চেষ্টা কর্বে। কি আক্ষেপের বিষয় সহজেই সহজ জ্ঞানে ঐশ্বরিক বিষয় বুঝিতে পারে, পরমার্থিক স্থুখ সম্ভোগ করিতে যত্মবান হয়, তর্কবিতর্ক করিতে অগ্রসর, কিন্তু যে দৃশ্য বস্ততে ঐহিক স্থুখ হয়, দীর্ঘায়ুহয়, পরিবার্দের কষ্ট্র যায় সে চিন্তা ভূলেও করে না। হায় ভারতের সে দিন কবে আসিবে যবে ভারতসন্তানেয়া নিচ ম্বণিত কেরাণীগিরির জন্যে আয়্ম অর্শণ না করিয়া ব্যবসা বানিজ্যে নানোযোগ এবং ভারতকে পতিত অবস্থা হতে উদ্ধার করিবে।

শ্যাম। (দীর্ঘ নিশ্বাস ত্যাপা) আ—আ—

জীবন ৷ শ্যামলাল ! তুনি জ্ঞানবান, বৃদ্ধিনান, তুমি যদি বিপুদে কাতর হবে তবে সামান্য লোকে কি না কর্বে বল ?

শ্যাম। মহাশয় আমাকে ছেড়ে দিন, আমি একবার আমার হৃদয় সর্কস্থ নফরের মূখ থানি দেখি, বাবা আমাকে ফাঁকিদে গেছে, বাবাকে আমার বাইরে রেখে দিয়েচে!! নফর! নফর! আমার কাছে এসো, তুমি কি আমার বাইরে থাক্বার ধন। হার, হার! আমার প্রাণ কি কঠিন! স্ত্রী শোক পুল শোক পেরেও এখন আমি জীবিত আছি। আমার নরণ কি হবে না, আমি মনে মনে যা ভেবেছিলেম, আমার তাই ঘট্লো। হার বাবা, আমাকে মরণ সময় না জানি কতই খুজেছিল। (উটেজস্বরে) বাবা নফর! তুমি যে আমার জীবন, তোমা বিহনে আমার বেঁচে থাকায় কি ফল, আমি যে তোমাকে ভুলে থাক্তে পার্বো না, হার! পুল্ল শোক পেরে মান্ত্রয় কি করে বেঁচে থাকে! হার মালতি, প্রাণাধিকা মালতি,! তুমিই সোভাগ্যবতী, তুমি নফরকে ছেড়ে থাক্তে পারলেনা, তুমি বাবার সঙ্গে গেলে। আমাকেও ছেড়ে যেও না, আমার আর কে আছে।

জীবন। (চক্ষুমুছিয়া) শ্যাম, সংসারের গতিই এই রপ। বিধি নির্বাধন ঘটনা সকল কেহই বাধা দিয়ে রাখ্তে পারে না, সময়ে ঘট্বেই, তবে মন বোঝে না, তাই আমরা র্থা চেষ্টা করি।

শ্যাম। আমি যে কোন চেষ্টা কর্তে পারলেম না, ভাল করে চিকিৎসা করাতে পার্লেম না, সেবা স্কুশ্রমা কর্তে সময় পেলেম না, তা হোলে যে আমার এত তঃথ হতো না, হায়, হায়! আমি দেখতে পেলেম না, আমি একেবারে সৰ হারালেম, হা'নফর! কোথা গেলিরে বন! হা বিধি! তোর মনে এই ছিল? অল বয়েসে সন্তান দিয়ে আবার কেড়ে নিলি। হায় হায়! আমি কি কর্বো?

আকার এমন সর্ক্রাশ হবে আমি সপ্নেও জানিনে। হাম হার ! আমি এমন চাক্রি, এমন দাসত্ব সীকার করেছিলেম. যে প্রাণাধিক স্ত্রী পুত্রের বিপদ সংবাদ পেয়ে ছুটী বিহনে আস্তে পেলেম না, আমাকে বদ্ধ হয়ে থাক্তে হয়ে ছিল, হার আমা হোতে তাদের কিছু সাহায্য হলো না। তাদের মনে মনে কতই কি ছিল, আমায় বল্তে পেলে না! তাদের মনের কথা মনেই রইল, হায় ! মালতি কোথা গেলে. হায় ! নফর কোথা গেলে, আমি তোমাদের ছেড়ে কি করে থাক্রো, আমাকে তোমাদের সক্রৈ সঙ্গী কর। (নিরব) জীবন। শ্যাম ! যা হবার তা হয়েচে, আর কোন উপায় নেই, এখন একটু দৈর্ম্য অবলম্বন কর। আর এখন কার যে কাজ, এদের গতি করা, তার চেষ্টা দেখ। (জিখান কার যে কাজ, এদের গতি করা, তার চেষ্টা দেখ। (জিখান

শ্যাম। (উপান ও উচ্চৈস্বরে) হায়! আমার সব গেছে, এখানে থেকে আর কি হবে, একবার বাবা নফরের শ্বথ থানি দেখি।

ও বস্তু লইয়া মালতীর মৃত দেহ আবরণ।)

িক্ষিতেপ্তর ন্যায় ত্রুত্তেবেগে প্রস্থান। জীবনণ একি সর্ববিশাশ! শ^{্র}া কাথা যাও, আমার কথা শুন, কোথা যাও।

[শ্যামের পশ্চাতে ধাবমান।

যবনিকা পতন।

